



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা ২০১৬

পত্র নং : ৫১৮/মাধ্য-পরী/২০০১/১১৩৭

তারিখ : ১৯/০৩/২০১৭

বিষয় : ২০১৬ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার (জেএসসি) একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট আগামী ২২/০৩/২০১৭ তারিখে বিতরণ করা হবে। তিনি নিজে অথবা তাঁর প্রাধিকার প্রাপ্ত শিক্ষকের (শিক্ষক ব্যতিত অফিস সহকারী অথবা অন্য কাউকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না) মাধ্যমে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময়ে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে তাঁর বিদ্যালয়ের একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজের বা তাঁর প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সিদ্ধান্তের কপি অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের জন্য আবেদনের উপর বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতি স্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা সম্ভব হবে না। একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭ (সাত) দিনের মধ্যে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

বিঃদ্র: ২২.০৩.২০১৭ তারিখ বুধবার অবশ্যই একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণ করতে হবে।

তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৬৯৮১৫

প্রাপক : ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।